



সরকারী হলো প্রাথমিকের ১০৩১ শিক্ষকের চাকরি

প্রকাশিত: ০৮ - অক্টোবর, ২০১৯ ১২:০০ এ. এম.

জনকর্ত ডেক্স || তৃতীয় ধাপে অধিগ্রহণকৃত ২৯২ প্রাথমিক বিদ্যালয়ের এক হাজার ৩১ জন শিক্ষকের চাকরি জাতীয়করণ করেছে সরকার। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সোমবার এসব বিদ্যালয় ও বিদ্যালয়ের শিক্ষকদের চাকরি জাতীয়করণ করে আদেশ জারি করেছে। খবর বাংলানিউজের।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব নাজমা শেখ জানান, ২০১৪ সালের ১ জানুয়ারি থেকে ২৯১ ও ২০১৮ সালের ৪ ফেব্রুয়ারি থেকে নওগাঁ জেলার মান্দা উপজেলার পুরুয়া তেপাড়া কেশবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়টির শিক্ষকের চাকরি জাতীয়করণ বলে গণ্য হবে। মন্ত্রণালয়ের এক কর্মকর্তা জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুশাসন অনুযায়ী, পুরুয়া তেপাড়া কেশবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়টি জাতীয়করণ করা হয়েছে। ওই বিদ্যালয়ের শিক্ষক মোঃ রবিউল ইসলাম, বীঠি রাণী, মোসাঃ সুলেখা খাতুন ও সাবিনা ইয়াসমিন গত বছরের ৪ ফেব্রুয়ারি হতে নিয়োগপ্রাপ্ত হবেন। প্রধানমন্ত্রীর ঘোষণায় ২৬ হাজার প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের আওতায় তৃতীয় ধাপে অধিগ্রহণকৃত বিদ্যালয়গুলোর মধ্যে ২৯১ বিদ্যালয়ের শিক্ষক আন্তীকরণ সংক্রান্ত টাক্ষফোর্স কমিটির সভায় এসব শিক্ষকের আন্তীকরণের সিদ্ধান্ত হয়। এসব বিদ্যালয়ের শিক্ষকদের নিয়ে মামলাসহ অন্যান্য জটিলতা ছিল। দীর্ঘ সময়ে কাজ করে জটিলতা কাটিয়ে জাতীয়করণ করল মন্ত্রণালয়।

আদেশে বলা হয়েছে, “প্রাথমিক বিদ্যালয় অধিগ্রহণ আইন, ১৯৭৪ এর ৩ (১) ধারার অধীনে প্রণীত অধিগ্রহণকৃত বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক (চাকুরীর শর্তাবলী নির্ধারণ) বিধিমালা-২০১৩ এর বিধি ৪ এর উপবিধি (১) প্রদত্ত শর্তসাপেক্ষে ২০১৪ সালের ১ জানুয়ারি” হতে এসব শিক্ষককে সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কত্তক গ্লোব জনকর্ত শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকর্ত লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকর্ত ভবন, ২৪/ এ রাশেড খান মেনন সড়ক, নিউ ইন্ডিয়া টাউন, জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯০৪৭৭৮০-৯৯ (অটোহাস্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯০৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by dailyjanakantha.com